# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 19 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) স্নাতক ১ম বর্ষের ভর্তি পরীক্ষায় এ ইউনিটের ১ম শিফটের প্রশ্নপত্রে ৩ টি প্রশ্নে ভুল পাওয়া গিয়েছে।সেট -৩ এর বাংলা অংশে ১৩, ১৬ ও ২৩ নম্বর প্রশ্নে ভুল পাওয়া যায়। এদিকে ভুল প্রমাণিত হলে প্রত্যেক পরীক্ষার্থীকে নম্বর দেয়া হবে বলে জানিয়েছেন রাবি উপ-উপাচার্য ফরিদ খান।

প্রশ্নপত্রে দেখা যায়, ১৩ নম্বর প্রশ্নে জানতে চাওয়া হয় দিলদরিয়া কোন সমাস? যার সঠিক উত্তর হবে রূপক কর্মধারয় সমাস।কিন্তু প্রশ্নপত্রে প্রদত্ত চারটি অপশনের কোনোটিতেই সঠিক উত্তর দেয়া নেই।

এরপর ১৬ নম্বর প্রশ্নে 'আন্না' শব্দটির সন্ধি বিচ্ছেদ করতে বলা হয়।যেটির সঠিক উত্তর হওয়ার কথা 'আর+ না'।তবে খ অপশনে 'আব+না ' থাকলেও সঠিক উত্তর পাওয়া যায়নি।এদিকে অপশনটি সঠিক উত্তরের সাথে সাদৃশ্যপূর্ণ হওয়ায় ভুল উত্তর করেছেন বলে জানান পরীক্ষার্থীরা।

২৩ নম্বর প্রশ্নে জানতে চাওয়া হয় নিচের কোন গুচ্ছ 'অমোঘ-মহাপ্রাণ' ধ্বনি।তবে বাংলা ব্যকরণে অমোঘ-মহাপ্রাণ বলতে কোন কিছুর অস্তিত্ব পাওয়া যায়না।এটি হওয়ার কথা অঘোষ মহাপ্রাণ।

রাবি কলা অনুষদের ডিন অধ্যাপক বেলাল হোসেন জানান, প্রশ্নপত্রে কোন ভুল নেই।সবগুলো প্রশ্নে সঠিক উত্তর দেয়া আছে।

তবে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সভাপতি অধ্যাপক শাহিদ ইকবাল জানান, প্রশ্নপত্রের এই ৩টি প্রশ্নে ভুল রয়েছে। পাশাপাশি অমোঘ-মহাপ্রাণ বলে কোন শব্দ বাংলা ব্যকরণে পাওয়া যায়না।

রাবি উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ফরিদ খান জানান, ভুল হয়ে থাকলে সেটি অনাকাঙ্ক্ষিত। যদি ভুল প্রমাণিত হয় তাহলে প্রত্যেক পরীক্ষার্থীকে এই ৩ টি প্রশ্নের নম্বর প্রদান করা হবে।

ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:10

URL: https://www.timestodaybd.com/campus/1058775807